গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
www.habiganjsadar.habiganj.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৩৬৪৪.০০১.০৮.০১০.২০২১- ৬৯০

তারিখঃ ০২ নভেম্বর ২০২১

বিষয় ঃ উপজেলা আইন শৃংখলা কমিটির সভা অনুষ্ঠান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ সদর উপজেলার নভেম্বর, ২০২১ মাসের উপজেলা আইন শৃংখলা কমিটির সভা আগামী ০৯.১১.২০২১ তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১:৩০ ঘটিকায় নিম্ন স্বাক্ষরকারীর সভাপতিত্বে উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় মাননীয় সংসদ সদস্য জনাব এ্যাডভোকেট মোঃ আবু জাহির মহোদয় উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

উক্ত সভায় যথা সময়ে উপস্থিত হয়ে সভার কার্যক্রমে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। সভার কার্যপত্র আগামী ০৮.১১.২০২১ তারিখের মধ্যে এ কার্যালয়ে হার্ডকপি ও সফটকপি ই-মেইলে (unohabiganj@mopa.gov.bd) এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

02.11.2021
বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
unohabiganj@mopa.gov.bd

বিতরণ ঃ
০১। সহকারী কমিশনার (ভূমি), হবিগঞ্জ সদর
০২। উপজেলা -- অফিসার (সকল), হবিগঞ্জ সদর
০৩। অফিসার ইনচার্জ, সদর মডেল থানা, হবিগঞ্জ
০৪। চেয়ারম্যান --- ইউনিয়ন পরিষদ (সকল), হবিগঞ্জ সদর
০৫। জনাব --

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :
০১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-০৩
০২। জেলা প্রশাসক, হবিগঞ্জ
০৩। পুলিশ সুপার, হবিগঞ্জ
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৫। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

02.11.2021
বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
unohabiganj@mopa.gov.bd

হবিগঞ্জ সদর উপজেলার আইন-শৃঙ্খলা কমিটির নভেম্বর,২০২১ মাসের সভার কার্যবিবরণী:

সভাপতি : বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর,হবিগঞ্জ

সভার তারিখ : ০৯ নভেম্বর ২০২১, সময় : বেলা ১১:৩০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ

সভার হাজিরা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতেই কমিটির সম্মানীত উপদেষ্টা মাননীয় সংসদ সদস্য,এডভোকেট মো: আবু জাহির মহোদয় এবং চেয়ারম্যান, উপজেলা পরিষদ জনাব মোতাচ্ছিরুল ইসলামসহ অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরে নিম্নে বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ	বিগত ১০.১০.২০২১ খ্রি: তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়।	কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০২	সার্বিক আইন-শৃঙ্খলা	জনাব মো: সফর আলী, সদস্য, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি,হবিগঞ্জ সদর বলেন, আগামী ২৮ নভেম্বর, ২০২১ ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনকে কেন্দ্র করে তেঘরিয়া ইউনিয়নে আইন-শৃঙ্খলা পরিস্থিতি শান্তিপূর্ণ ও স্বাভাবিক রাখার ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য তিনি প্রস্তাব করেন। (২) জনাব মো: আকরাম আলী, সদস্য, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, হবিগঞ্জ সদর বলেন,আসন্ন ইউপি নির্বাচনে সদর উপজেলার লুকড়া ইউনিয়নে সর্বাধিক চেয়ারম্যান পদ প্রার্থী। বেশী সংখ্যক প্রার্থী থাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির আশঙ্খা রয়েছে। তাই উক্ত ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে নজরদারী বৃদ্ধি করার জন্য তিনি প্রস্তাব করেন। (৩) উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, হবিগঞ্জ সদর বলেন, আসন্ন ইউনিয়ন পরিষদের নির্বাচনে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। তাদের উপর অর্পিত দায়িত্ব পালনে সর্বোচ্চ চেষ্টা করা হবে। (৪) জনাব প্রানেশ চন্দ্র বর্মা, উপজেলা সমাজসেবা অফিসার, হবিগঞ্জ সদর বলেন, তিনি বিগত মাসের ১০ তারিখ বর্তমান কর্মস্থলে যোগদান করেন। নিজ দায়িত্ব পালনে সকলের সহযোগিতা কামনা করেন। (৫) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর বলেন, আগামী ১৪ নভেম্বর ২০২১ তারিখ হতে সারাদেশে এসএসসি পরীক্ষা ৩ বিষয়ের উপর অনুষ্ঠিত হবে। সুষ্ঠুভাবে পরীক্ষা সম্পন্নের ব্যাপারে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। (৬) ট্রাফিক ইন্সপেক্টর,হবিগঞ্জ সদর বলেন, আসন্ন এসএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার ব্যাপারে নির্দেশনা মোতাবেক	(ক) আসন্ন ইউপি নির্বাচনে তেঘরিয়া ও লুকড়া ইউনিয়নে যাতে কোন অপ্রীতিকর ঘটনা না ঘটে সেদিকে বিশেষভাবে নজর রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা

		যথাযথভাবে দায়িত্ব পালন করা হবে মর্মে সভাকে অবহিত করেন।		
		(৭) জনাব মো: নাজমুল হক কামাল, ওসি (তদন্ত), হবিগঞ্জ সদর মডেল থানা বলেন, অক্টোবর, ২০২১ মাসে থানায় খুন-২, ধর্ষণ-২, মাদক আইনে ৫, চুরি-২, অন্যান্য ৬ সহ মোট ১৭টি মামলা রুজু হয়েছে। হবিগঞ্জ সদর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তিনি বলেন, আসন্ন এসএসসি পরীক্ষা উপলক্ষে রাস্তাঘাট যানজটমুক্তকরণসহ আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে আপ্রাণ চেষ্টা করা হবে। তিনি আরও বলেন, আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সার্বিক প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। (৮) জনাব ইয়াছিন আরাফাত রানা,সহকারী কমিশনার (ভূমি), হবিগঞ্জ সদর বলেন, বিগত সভার সিদ্ধান্তের আলোকে যানজট নিরসনে হবিগঞ্জ-লাখাই রাস্তার মোড়ে মোবাইল কোর্ট পরিচালনা করে রাস্তার উপর স্থাপিত অবৈধ দোকান অপসারনসহ জরিমানা আদায় করা হয়েছে। পর্যায়ক্রমে হবিগঞ্জ-বানিয়াচং ও হবিগঞ্জ-নবীগঞ্জ রাস্তার মোড়ে অভিযান পরিচালনা করা হবে। (৯) জনাব ফেরদৌস আরা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য সকলের প্রতি আহবান জানান। তিনি আরও বলেন, আগামী ১৪ নভেম্বর এসএসসি পরীক্ষা শুরু হবে। শহরে প্রধান সড়কে উন্নয়নমূলক কাজ চলমান থাকায় ছাত্র-ছাত্রীদের যাতায়াতে যেন কোন সমস্যা না হয় সেদিকে নজর রাখার আহবান জানান। (১০) জনাব মাহবুবুর রহমান আউয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, আসন্ন ইউনয়ন পরিষদ নির্বাচন যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন হয় সেজন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য প্রস্তাব করেন।	(খ) হবিগঞ্জ সদর উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখা ও চুরি, ডাকাতি, মদ, গাঁজা ও জুয়াসহ ছিনতাইকারীদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	(খ) অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা/ইউপি চেয়ারম্যান, হবিগঞ্জ সদর
		(১১) জনাব মোতাচ্ছিরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন অতীতের ন্যায় সুষ্ঠুভাবে সম্পন্ন হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন, নির্বাচনে জয়-পরাজয় মেনে নেয়ার মানসিকতা দেখাবেন মর্মেও আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরও বলেন, শহরের প্রধান সড়কে উন্নয়নমূলক কার্যক্রম চলমান অবস্থায় সামনে এসএসসি পরীক্ষা শুরু হবে। এতে ছাত্র-ছাত্রীদের যাতায়াতে একটু সমস্যা হতে পারে। তাই ডাইভারশন গুলো মাটি ফেলে সমান করে	(গ) আসন্ন এসএসসি পরীক্ষার্থীদের যাতায়াতের সুবিধার্থে যানজট নিরসনের লক্ষ্যে শহরের মেইন রোডে ডাইভারশন গুলোকে মাটি ফেলে রিক্সা/টমটম উঠানামা করার ব্যবস্থা গ্রহণ করার জন্য সড়ক ও জনপথ বিভাগকে অনুরোধ করা হয়।	(গ) নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ,হবিগঞ্জ

		দিলে রিক্সা/টমটম উঠানামা করা সহজ হবে।		
		(১২) মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩ বলেন, হবিগঞ্জ সদর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি অন্যান্য উপজেলার চেয়ে ভালো। তিনি বলেন, হবিগঞ্জ শহরের প্রধান সড়কে উন্নয়নমূলক কাজ চলমান থাকায় আসন্ন এসএসসি পরীক্ষা চলাকালে পরীক্ষার্থীরা যাতে যানজটের সমস্যায় না পড়ে সেজন্য শহরের গুরুত্বপূর্ণ সড়কে ট্রাফিক পুলিশ মোতায়েন করার জন্য পরামর্শ প্রদান করেন। তিনি আরও বলেন, ইদানিং প্রধান সড়কের উপর সিমেন্ট কনক্রিট মিশ্রণ করার প্রবণতা দেখা যায়। এতে সড়ক ক্ষতিগ্রস্থ হয়। এব্যাপারে নজর রাখার জন্য তিনি নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন, আসন্ন ইউপি নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে নির্দেশনা প্রদান করা হয়েছে। হবিগঞ্জে অতীতে ইউনিয়ন পরিষদ নির্বাচনে অঘটন ঘটার ঘটনা বিরল। তবে অতীতে কোন ঘটনা ঘটেনি বলে এবার ঘটবে না এমন ধারণা করা ঠিক হবে না। সুষ্ঠুভাবে নির্বাচন সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে যারা বিজয়ী হয়ে আসবে তাদের নিয়ে কাজ করবো। তিনি বলেন, ফেসবুকে গুজব ছড়িয়ে মানুষকে যেন বিভ্রান্ত করা না হয় সেজন্য সতর্ক থাকতে হবে। ফেসবুক ব্যবহারকারী খারাপ বা অন্যায় কাজে জড়িত হলে তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণ করতে হবে। নির্বাচনের আচরণ বিধি যাতে লঙ্ঘিত না হয় সেদিকে নজর রাখা প্রয়োজন।	(ঘ) আসন্ন এসএসসি পরীক্ষার্থীদের যাতায়াতের সুবিধার্থে যানজট নিরসনের লক্ষ্যে শহরের গুরুত্বপূর্ণ সড়কগুলোতে ট্রাফিক পুলিশ মোতায়েন করার সিদ্ধান্ত গৃহীত হয়। (ঙ) আসন্ন ইউপি নির্বাচন সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে পর্যাপ্ত নিরাপত্তামূলক পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। (চ) কেউ ফেসবুকে গুজব/বিভ্রান্তি ছড়ালে তাদের বিরুদ্ধে তাৎক্ষণিক আইনানুগ পদক্ষেপ গ্রহণ করতে হবে। (ছ) নির্বাচনী আচরণ বিধি লঙ্ঘনকারীদের বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ঘ) অফিসার ইনচার্জ/ ট্রাফিক ইন্সপেক্টর, হবিগঞ্জ সদর মডেল থানা (ঙ) অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা (চ) অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা (ছ) রিটার্ণিং অফিসার (সকল), হবিগঞ্জ সদর সংশ্লিষ্ট সকল
		নির্বাহী প্রকৌশলী, হবিগঞ্জ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর প্রতিনিধি, অধিনায়ক, র‍্যাব, হবিগঞ্জ এর প্রতিনিধি, জেনারেল ম্যানেজার, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর প্রতিনিধি এবং ট্রাফিক ইন্সপেক্টর, হবিগঞ্জ কে উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করার জন্য তিনি পরাপর্শ প্রদান করেন।	(জ) বিস্তারিত আলোচনান্তে নির্বাহী প্রকৌশলী, হবিগঞ্জ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ট্রাফিক ইন্সপেক্টর, হবিগঞ্জ জেনারেল ম্যানেজার, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এবং অধিনায়ক, র‍্যাব, হবিগঞ্জ এর ১জন করে প্রতিনিধিকে উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(জ) অধিনায়ক, র‍্যাব, হবিগঞ্জ/ পুলিশ সুপার, হবিগঞ্জ / উপজেলা নির্বাহী অফিসার জেনারেল ম্যানেজার, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি/ নির্বাহী প্রকৌশলী, পিডিবি, হবিগঞ্জ
		(১৩) সভাপতি বলেন, হবিগঞ্জ সদর উপজেলার আইন-শৃঙ্খলাসহ সার্বিক পরিস্থিতি স্বাভাবিক রাখতে সবাই একসাথে কাজ করতে হবে। তিনি বলেন, আসন্ন এসএসসি পরীক্ষা সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পাদনের ব্যাপারে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সার্বিক সহযোগিতা প্রদান করা হবে। তিনি আরও বলেন, আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রয়োজন। তাই নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্নের ব্যাপারে তিনি সকলের সহযোগিতা কামনা		

		করেন। তিনি গ্রাম আদালতের অক্টোবর,২০২১ মাসের মামলার তথ্য নিম্নে ছক মোতাবেক উপস্থাপন করেন। এতে দেখা যায়, লুকড়া ইউনিয়নে ০৪, রিচি ইউনিয়নে ১১, তেঘরিয়া ইউনিয়নে ১৪, পৈল ইউনিয়নে ০৯, গোপায়া ইউনিয়নে ০৯, রাজিউড়া ইউনিয়নে ১০, নিজামপুর ইউনিয়নে ০১ ও লস্করপুর ইউনিয়নে ০৪ সর্বমোট ৬২টি মামলা অনিস্পন্ন অবস্থায় আছে।	(ঝ) অনিস্পন্ন মামলাগুলো বিধি মোতাবেক দ্রুত নিস্পত্তি করার কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ঝ) ইউপি চেয়ারম্যান (সকল), হবিগঞ্জ সদর

ছক

ইউনিয়নের নাম	গ্রাম আদালতের মোট মামলার সংখ্যা	পূর্ববর্তী মাসের মামলার জের	বিবেচ্য মাসে দায়েরকৃত মামলার সংখ্যা	মোট মামলার সংখ্যা	বিবেচ্য মাসে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা	অনিস্পন্ন মামলার সংখ্যা	মন্তব্য
লুকড়া	০১	০৩	-	০৩	০১	০২	
রিচি	০১	১১	-	১১	-	১১	
তেঘরিয়া	০১	১০	-	১০	-	১০	
পৈল	০১	০৬	০১	০৭	০২	০৫	
গোপায়া	০১	০৯	-	০৯	০২	০৭	
রাজিউড়া	০১	০৭	-	০৭	০২	০৫	
নিজামপুর	০১	-	-	-	-	-	
লস্করপুর	০১	০২	-	০২	-	০২	
মোট =	০৮	৪৮	০১	৪৯	০৭	৪২	

সভায় অন্য কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০.১০.২০২১
বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

স্মারক নং-০৫.৪৬.৩৬৪৪.০০১.০৪.০১১.২০২১- ৫৭২(৪০)
তারিখ: ১০ অক্টোবর ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩
০২। জেলা প্রশাসক, হবিগঞ্জ
০৩। পুলিশ সুপার, হবিগঞ্জ
০৪। অধিনায়ক, র‍্যাব, হবিগঞ্জ
০৫। চেয়ারম্যান,উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৬। নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, হবিগঞ্জ/নির্বাহী প্রকৌশলী,সড়ক ও জনপথ বিভাগ,হবিগঞ্জ
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৮। সহকারী কমিশনার(ভূমি), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৯। অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা, হবিগঞ্জ
১০। জনাব .... সদস্য(সকল),উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
১১। ....

১০.১০.২০২১
বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

পরিশিষ্ট 'ক'

হবিগঞ্জ সদর উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির ০৯-১১-২০২১ খ্রিঃ তারিখের সভায় উপস্থিতির তালিকা :

(স্বাক্ষরের ক্রমানুসারে)

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষরিত
০১	জনাব ফেরদৌস আরা বেগম	মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,হবিগঞ্জ সদর	
০২	জনাব মাহবুবুর রহমান আউয়াল	ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,হবিগঞ্জ সদর	
০৩	জনাব আ ব ম ফখরুদ্দিন খান	প্রভাষক, উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, বৃন্দাবন সরকারি কলেজ	
০৪	জনাব মো:আব্দুল মুকিত	সদস্য, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, হবিগঞ্জ সদর	
০৫	জনাব মো: আফতাব উদ্দীন	উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর	
০৬	জনাব মো: জিয়া উদ্দিন	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর	
০৭	জনাব মো: হেলাল উদ্দিন খান	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা,হবিগঞ্জ সদর	
০৮	জনাব আঞ্জুমান আরা বেগম	প্রধান শিক্ষক, আইডিয়াল হাই স্কুল, ভাদৈ	
০৯	জনাব হাসনা হেনা	উপজেলা সমবায় কর্মকর্তা, হবিগঞ্জ সদর	
১০	জনাব মো: হাছিনুর রহমান তালুকদার	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর	
১১	জনাব প্রাণেশ চন্দ্র বর্মা	উপজেলা সমাজ সেবা অফিসার, হবিগঞ্জ সদর	
১২	জনাব মো: নাজমুল হক কামাল	ওসি (অপারেশন) সদর মডেল থানা, হবিগঞ্জ	
১৩	জনাব মো: সফর আলী	সদস্য, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, হবিগঞ্জ সদর	
১৪	জনাব মো: আনছার আলী	সহকারী প্রকৌশলী পিডিবি ,হবিগঞ্জ	
১৫	জনাব রনজীৎ কুমার আচার	উপজেলা প্রাণিসম্পদ অফিসার, হবিগঞ্জ সদর	
১৬	জনাব মো: আক্রাম আলী	সদস্য, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি	
১৭	জনাব রুপক চন্দ্র বণিক	শাখা ব্যবস্থাপক, টিএস বি , হবিগঞ্জ সদর	
১৮	জনাব মো: রায়হান উদ্দিন	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, হবিগঞ্জ সদর	
১৯	জনাব মো: মাহমুদুল হাসান	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, হবিগঞ্জ সদর	
২০	জনাব মো: আব্দুর রহমান	সাধারণ সম্পাদক, ভারপ্রাপ্ত, উপজেলা আওয়ামীলীগ	
২১	জনাব মো: নাঈম সৌরভ	উপসহকারী প্রকৌশলী, বিএডিসি	
২২	জনাব মোছা; কামরুল নেছা তালুকদার	খাদ্য পরিদর্শক , উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস, হবি: সদর	
২৩	জনাব সুকান্ত ধর	উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর	